গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা
সংস্থাপন শাখা।
www.barguna.gov.bd

নং-০৫.১০.০৪০০.১০৬.১০.০৪১.২২- ২১

তারিখ: ২৮ পৌষ ১৪২৯
১২ জানুয়ারি ২০২৩

"নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০ অক্টোবর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০১২.২২-৯৪ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্র এবং বিভাগীয় কমিশনার, বরিশাল এর ২৯ নভেম্বর ২০২২ তারিখের ০৫.১০.০০০০.০০৭.০১.০০৬.২২-১৪০ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা এর অধীনস্থ অফিসসমূহে নিম্নবর্ণিত ৩য় শ্রেণির শূন্য পদে লোক নিয়োগের লক্ষ্যে বরগুনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকুরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমের আলোকে অনলাইনে (http://dcbarguna.teletalk.com.bd) ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা (সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) | ০৬ (ছয়) টি | গ্রেড নং-১৪ ১০২০০-২৪৬৮০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা<br>(ঘ) সাঁটলিপিতে বাংলায় ও ইংরেজিতে যথাক্রমে প্রতি মিনিটে ৪৫ ও ৭০ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ২৫টি এবং ইংরেজিতে ৩০ টি শব্দের গতিসম্পন্ন হতে হবে। |
| ০২ | সার্টিফিকেট সহকারী | ০২ (দুই) টি | গ্রেড নং-১৬ ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা<br>(গ)কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২০ টি শব্দের গতিসম্পন্ন হতে হবে। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বরগুনা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। ১৯/০২/২০২৩ তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। কোভিড-১৯ পরিস্থিতির কারণে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার এর ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা ৩০ বৎসর থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমানের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে।

০৪। প্রার্থী কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

০৫। কেবল একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

০৬। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৭। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।

০৮। আবেদনপত্র আগামী ১৯/০১/২০২৩ তারিখ সকাল ৯.০০ টা হতে ১৯/০২/২০২৩ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত অনলাইনে (Online) দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদন বাতিল মর্মে গণ্য হবে।

০৯। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল বরাবর দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র;

খ) বরগুনা জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ;

গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঙ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র;

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ;

ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং;

জ) নির্দিষ্ট কোটা দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র।

ঝ) সাঁটলিপি ও কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র।

১০। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক আবেদনকারীগণ http://dcbarguna.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হবে ১৯/০১/২০২৩ তারিখ সকাল ৯.০০ টা হতে এবং শেষ হবে ১৯/০২/২০২৩ তারিখ বিকাল ৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদন পত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর ( দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি ( দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোনপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's cop-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে প্রতিটি পদের জন্য আবেদন ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/ টাকা সহ (অফেরতযোগ্য) মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা এবং অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Onlineএ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**প্রথম SMS : DCBARGUNA** <space> **User ID** লিখে Send করতে হবে ১৬২২২নম্বরে।

Example : **DCBARGUNA ABCDEF** & send to 16222

Reply : Applicant's Name, TK-223 Will be charged as application fee. Your PIN is 12345678 To pay fee Type **DCBARGUNA** <space> **Yes** <space> **PIN** and send to 16222.

**দ্বিতীয় SMS : DCBARGUNA**<space> **Yes** <space> **PIN** লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example : **DCBARGUNA Yes** 12345678 and send to 16222

Reply : Congratulations Applicant`s Name, Payment completed successfully for **DCBARGUNA** Application for ( post name) User ID is (ABCDEF) and Password(xxxxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcbarguna.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

* User ID জানা থাকলে:

**DCBARGUNA**<space> **Help**<space> **User** <space> **UserID** & Send to 16222

Example : **DCBARGUNA Help User ABCDEF** & Send to 16222

* **PIN Number জানা থাকলে:**

**DCBARGUNA**<space> **Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222

Example : **DCBARGUNA Help PIN 1234567** & Send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল **https:// alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য বরগুনা জেলার ওয়েবসাইট (www.barguna.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা ও বরগুনা জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dcbarguna@mopa.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। [Mail এর subject- এ Organization Name: **DCBARGUNA, Post Name : **********, Applicant's User ID** ও **Contact Number** অবশ্যই উল্লেখ করতে হবে।]

ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইনে আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকার নির্ধারিত সর্বশেষ কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে তিনি নিয়োগ লাভে অযোগ্য বলে বিবেচিত হবেন।

(হাবিবুর রহমান)
জেলা প্রশাসক
বরগুনা।

নং-০৫.১০.০৪০০.১০৬.০৬.০৪৩.২২- ২৭(২৫)

তারিখ: ২৮ পৌষ ১৪২৯
১২ জানুয়ারি ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, বরিশাল ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল।
০৩। জেলা প্রশাসক-------------------------------------------(সকল)।
০৪। পুলিশ সুপার, বরগুনা।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ বরগুনা।
০৬। উপপরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, বরগুনা।
০৭। সিভিল সার্জন, বরগুনা।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরগুনা।
০৯। সিনিয়র সহকারী প্রধান, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল) -------------------------------------বরগুনা।
১১। সহকারী কমিশনার (ভূমি) (সকল)------------------------------------------বরগুনা।
১২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বরগুনা।
১৩। জেলা তথ্য অফিসার, বরগুনা।
১৪। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, বরগুনা।
১৫। পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, বরগুনা।
১৬। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা। বিজ্ঞপ্তিটি এবং এ সঙ্গে সংযুক্ত চাকুরীর আবেদন ফরম এ জেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১৮। সম্পাদক, দৈনিক ---------------------------------------------------------------------------------নিয়োগ বিজ্ঞপ্তিটির ০১ (এক) কপি এসঙ্গে প্রেরণ করা হলো। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে তার পত্রিকায় (ভিতরের পাতায়) স্বল্প পরিসরে (১০ X ৩ কলামে) আগামী --------------তারিখের মধ্যে কেবল মাত্র ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত সংখ্যার ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৯। নোটিশ বোর্ড, ---------------------------------------------কার্যালয়, বরগুনা।

১২/০১/২০২৩

(হাবিবুর রহমান)
জেলা প্রশাসক
বরগুনা।
ফোন-০২৪৭৮৮৮৬৫৬৬
dcbarguna@mopa.gov.bd